অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/16/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আজকের তীব্র আবহাওয়ার জন্য প্রস্তুত হতে নিউ ইয়র্কবাসীকে পরামর্শ প্রদান করলেন

সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহক ভ্যালি, ক্যাপিটাল রিজিয়ন এবং নর্থ কান্ট্রিতে ক্ষতিকর বাতাস, বহু সংখ্যক তীব্র বজ্রপাতসহ ঝড় এবং টর্নেডোর আশঙ্কা রয়েছে

নিউ ইয়র্ক সিটি, মিড হাডসন অঞ্চল এবং লং আইল্যান্ডে বুধবার পর্যন্ত তাপ উপদেশ সম্প্রসারিত করা হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজকে সেন্ট্রাল নিউ ইয়র্ক, মোহক ভ্যালি, ক্যাপিটাল রিজিয়ন এবং নর্থ কান্ট্রিতে ক্ষতিকর দমকা বাতাস এবং বহু সংখ্যক তীব্র বজ্রপাতসহ ঝড়সহ তীব্র আবহাওয়ার বর্ধিত একটি ঝুঁকি সম্পর্কে নিউ ইয়র্কবাসীকে সর্বশেষ তথ্য প্রদান করলেন। এইসব এলাকায় টর্নেডোও হতে পারে। সকালের শেষের দিকে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে এই ঝড়সমূহ তৈরি হওয়া শুরু করবে এবং বিকালের শেষ অংশ পর্যন্ত পুরো স্টেটের উপর দিয়ে পূর্বদিকে ধাবিত হবে। মিড হাডসন অঞ্চল, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ডের অধিকাংশের জন্য বুধবার রাত 9টা পর্যন্ত তাপ উপদেশ বর্ধিত করা হয়েছে এবং মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি, সেন্ট্রাল নিউ ইয়র্কের কিছু অংশ এবং সাউদার্ন টিয়ারে আজকে রাত 8টা পর্যন্ত তা কার্যকর টি থাকবে। আবহাওয়ার নজরদারি, সতর্কতা, উপদেশ এবং সর্বশেষ পূর্বাভাসের একটি সম্পূর্ণ তালিকা দেখতে জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট ভিজিট করুন।

"আগামী কিছু দিন শীতল থাকা ও নিরাপদ থাকার জন্য নিউ ইয়র্কবাসী সম্ভাব্য সকল সতর্কতা অবলম্বন করতে হবে যেহেতু তীব্র ঝড়, তাপ এবং আর্দ্রতার সংমিশ্রণ ঝুঁকিতে থাকা নিউ ইয়র্কবাসীদের জন্য একটি গুরুত্বর স্বাস্থ্য ঝুঁকি তৈরি করবে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন আবহাওয়া প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে এবং আবহাওয়ার পূর্বাভাস যথাযথভাবে পর্যবেক্ষণ করতে, হাইড্রেটেড থাকতে এবং এই সময়ে স্থান পরিবর্তনের প্রয়োজন হলে তার জন্য একটি পরিকল্পনা করে রাখতে আমরা নিউ ইয়র্কবাসীদেরকে আহ্বান জানাচ্ছি।"

বজ্রপাতসহ ঝড় হলো বিপজ্জনক ঝড় যা ঘণ্টায় 50+ মাইল গতির বাতাস, বিদ্যুৎ, শিলাবৃষ্টি সৃতি করতে পারে এবং যার ফলে আকস্মিক বন্যা এবং টর্নেডো হতে পারে।

বজ্রপাতসহ ঝড়ের জন্য নিরাপত্তা পরামর্শ:

- আপনি যদি বজ্রপাত শুনতে পান, তাহলে আপনি বিদ্যুৎপৃষ্ট হওয়ার মতো ঝড়ের নিকটে রয়েছেন। অবিলম্বে নিরাপদ আশ্রয়ে যান।

- একটি মজবুত ভবনে যান। ছোট ছাউনি, বিচ্ছিন্ন গাছের নিচে বা কনভার্টিবল অটোমোবাইলে আশ্রয় নিবেন না।

- যদি বিদ্যুৎ চমকায় এবং মজবুত আশ্রয় উপলভ্য না থাকে, তাহলে ভারী ছাদের অটোমোবাইলের ভেতরে যান এবং জানালা বন্ধ রাখুন।

- নৌকা থেকে নামুন এবং পানি থেকে দূরে থাকুন।

- টেলিফোনের লাইন এবং ধাতব পাইপ বিদ্যুৎ পরিবাহী হতে পারে। আবহাওয়া সংক্রান্ত তথ্য জানার জন্য প্রয়োজন নয় এমন অ্যাপ্লায়েন্সগুলি আনপ্লাগ করুন। টেলিফোন বা কোনো বৈদ্যুতিক যন্ত্র ব্যবহার করবেন না।

- বাথটাব বা ঝর্ণায় গোসল করবেন না।

- এয়ার কন্ডিশনার বন্ধ রাখুন, বজ্রবিদ্যুৎ থেকে আসা অধিক বিদ্যুৎ কম্প্রেসারকে ওভারলোড করতে পারে।

- হঠাৎ বন্যা বা বন্যা সম্ভব হলে উঁচু স্থানে যান।

- নিরাপদ স্থানে গাড়ি চালিয়ে যাওয়ার চেষ্টা করবেন না, অটোমোবাইলেই সবথেকে বেশি হঠাৎ বন্যায় মৃত্যু হয়।

- ঘরের বাইরে থাকলে, গাছ, বেড়া, এবং খুঁটি থেকে দূরে একটি নিচু স্থান খুঁজে নিন।

- আপনি যদি বনে থাকেন তাহলে একটি খাটো গাছের নিচে আশ্রয় নিন।

- আপনি যদি আপনার ত্বকে শিহরণ অনুভব করেন বা আপনার লোম খাড়া হয়ে যায়, তাহলে মাটিতে আপনার পায়ের পাতার গোড়া মাটিতে রেখে উবু হয়ে বসুন; আপনার হাত হাঁটুতে রাখুন এবং আপনার মাথা তার মাঝখানে রাখুন; নিজেদের যত ছোট লক্ষ্য করা যায় করে ফেলুন; এবং মাটির সাথে আপনার সংস্পর্শ সর্বনিম্ন করুন।

টর্নেডোর জন্য নিরাপত্তা পরামর্শ:

- যদি ঘরের বাইরে থাকেন: অবিলম্বে একটি দৃঢ় ভবনে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।

- গাড়ি চালিয়ে টর্নেডোকে অতিক্রম করে যাওয়ার চেষ্টা করবেন না; বরং অবিলম্বে এটিকে ত্যাগ করুন।

- যদি বাড়িতে অথবা কোনো ছোট ভবনে থাকেন: বেজমেন্টে অথবা ভবনের সবচেয়ে নিচের তলায় ভেতরের দিকের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।

- যদি স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকেন: পূর্বে নির্ধারিত কোনো আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।

- যদি উঁচু ভবনে থাকেন: সম্ভাব্য সবথেকে নিচু তলার ভেতরের একটি ছোট কক্ষে বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না। সিঁড়ি ব্যবহার করুন।

- যদি মোবাইল হোম বা যানবাহনে থাকেন: মোবাইল হোম বা যানবাহন থেকে বের হয়ে যান - এগুলি সহজেই তীব্র ঝড় বা টর্নেডো ছুড়ে ফেলতে পারে।

- একটি দৃঢ় কাঠামোতে আশ্রয় নিন: যদি কাছাকাছি কোনো আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।

আকস্মিক বন্যার সময় কখনো বন্যা কবলিত এলাকায় গাড়ি চালানোর চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান। যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানির উচ্চতা বৃদ্ধি

পেতে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে বেরিয়ে পড়ুন। দ্রুত গতিতে বয়ে চলা পানির ক্ষমতাকে অগ্রাহ্য করবেন না। দ্রুত গতিতে বয়ে চলা দুই ফুট উচ্চতার পানিতে আপনার গাড়ি ভাসিয়ে নিবে এবং দুই মাইল বেগে বয়ে চলা পানি আপনার গাড়িকে রাস্তা বা ব্রিজ থেকে টেনে নিয়ে যাবে।

নিউ ইয়র্ক স্টেট পার্কসে (New York State Parks) সাঁতার কাটার জন্য পুল এবং সৈকত উপলভ্য রয়েছে। গভর্নর হোকল এই গ্রীষ্মকালের জন্য নিউ ইয়র্ক স্টেট পার্কের পুলের এন্ট্রি ফি মওকুফ করে দিয়েছেন। বেড়াতে যাওয়ার পূর্বে যেই পার্কে তারা যাওয়ার পরিকল্পনা করছে দর্শনার্থীদের উচিত সাঁতার কাটার সুযোগকে প্রভাবিত করতে পারে এমন যেকোনো আবহাওয়া বা পানির পরিস্থিতি সম্পর্কে সর্বশেষ খবরের জন্য সেখানকার আগে থেকে ফোন করা বা তাদের ওয়েবসাইট দেখা। এছাড়াও, আইওএস এবং এন্ড্রয়েড ডিভাইসের বিনামূল্যের নিউ ইয়র্ক স্টেট পার্কস এক্সপ্লোরার (New York State Parks Explorer) মোবাইল অ্যাপে পার্কের দশা সম্পর্কে সর্বশেষ সংবাদ উপলভ্য থাকে।

আপনি বিনামূল্যে এয়ার কন্ডিশনিং ইউনিট পাওয়ার যোগ্য হতে পারেন। হোম এনার্জি সহায়তা কর্মসূচি (Home Energy Assistance Program, HEAP) উপার্জনের ভিত্তিতে যোগ্য গৃহস্থালির জন্য এয়ার কন্ডিশনিং ইউনিট প্রদান করতে পারে, যোগ্য গৃহস্থালির মধ্যে চরম তাপের দ্বারা বৃদ্ধি পেতে পারে এমন নথিভুক্ত মেডিকেল অসুস্থতা সম্পন্ন ব্যক্তি, বা কমবয়সী শিশু বা বয়স্ক ব্যক্তিসহ গৃহস্থালি। তহবিল শেষ হওয়ার আগ পর্যন্ত আবেদন গ্রহণ করা অব্যাহত থাকবে। আরো তথ্যের জন্য, অস্থায়ী ও অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) ওয়েবসাইট ভিজিট করুন বা 1-800-342-9871 নম্বরে আপনার স্থানীয় অফিস ফর দ্য এজিংয়ের সাথে যোগাযোগ করুন।

গরম আবহাওয়ার সময় আপনি কী করতে পারবেন সেই সম্পর্কে তথ্য স্বাস্থ্য বিভাগের (Department of Health) চরম তাপ ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়াও আপনি এখন থেকে আপনার কাছের কুলিং সেন্টারের অবস্থান জানতে পারবেন।

শিশু ও পোষা প্রাণীকে কখনোই গরম গাড়িতে একা রাখবেন না। যখন তাপমাত্রা গরম "মনে হয় না" তখনও শিশু বা পোষা প্রাণীকে গাড়িতে এক রেখে যাওয়ার ক্ষেত্রে বাস্তব ও মারাত্মক বিপদ রয়েছে। বাইরে যখন 60 ডিগ্রি তাপমাত্রা থাকে তখন বন্ধ গাড়িতে মাত্র এক ঘণ্টায় তাপমাত্রা 105 ডিগ্রির মতো গরম হয়ে যেতে পারে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন